গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)
বাড়ী নং ০৪, রোড নং ২১, সেক্টর নং ০৪, উত্তরা, ঢাকা-১২৩০
ফোন: ০২-৪৮৯৫৯১০১, ০২-৪৮৯৫৯১০২
e-mail: md.dbrtc@gmail.com
www.dhakabrt.com

স্মারক নং: ৩৫.আরএইচডি.০০০০.বিআরটি(এমডি).১৪.০০৩.২০১৩-৬২৬

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

বিশ্বের অনেক জনবহুল ব্যস্ত নগরীতে যানজটমুক্ত যাত্রীসেবা প্রদানের জন্য দিন দিন নির্দিষ্ট লেনে বাসভিত্তিক গণপরিবহন ব্যবস্থার প্রসার ঘটছে। এরূপ নগর কেন্দ্রিক বাসভিত্তিক গণপরিবহন ব্যবস্থা 'বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি)' নামে পরিচিত। বিআরটি নিরাপদ ও সময়সাশ্রয়ী গণপরিবহন ব্যবস্থা হওয়ায় সরকার গাজীপুর হতে হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত ২০.৫০ কি:মি: ডেডিকেটেড লেনে বিদ্যুৎ চালিত আধুনিক বাস সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে যানজটমুক্ত যাত্রীসেবা নিশ্চিত করার জন্য 'ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)' নামে একটি শতভাগ সরকারি মালিকানাধীন কোম্পানী গঠন করেছে। উক্ত কোম্পানীতে জনবল নিয়োগের জন্য বর্ণিত পদসমূহের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	কর্মপরিধি	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**মহাব্যবস্থাপক** মূল বেতন ১২২,০০০/-	০১	অনূর্ধ্ব ৫৭ বছর	- ব্যবসায়িক কৌশল এবং অংশীদারী সম্পর্ক উন্নয়ন কৌশল প্রণয়ন; - বিআরটি বাস পরিচালনার পরিকল্পনা প্রণয়ন; - ঢাকা বিআরটি-এর সার্বিক ব্যবস্থাপনা ও উন্নয়ন; - ঢাকা বিআরটি কোম্পানীর ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও এ সংক্রান্ত সার্বিক কার্য সম্পাদন; - মার্কেটিং, যোগাযোগ ও যাত্রী পরিষেবা ব্যবস্থাপনা; - কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট নীতিমালা উন্নয়ন; - বিআরটির সার্বিক সম্পদের ব্যবস্থাপনা; - প্রকিউরমেন্ট, চুক্তি ব্যবস্থাপনা ও সেবার বা পণ্যের গুণগতমান নিশ্চিত করা; - যাত্রী নিরাপত্তা ও পরিবেশ ব্যবস্থাপনা; - আর্থিক ব্যবস্থাপনা ও বাজেট প্রণয়ন; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরূপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রি কিংবা অনুরূপ সিজিপিএ বা সমমানের হিউম্যান রিসোর্স/ ম্যানেজমেন্ট/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ ফিন্যান্স/ অ্যাকাউন্টিং/ ইকনমিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ১৫ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অন্যূন ২ বৎসর উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
২.	**উপ-মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)** মূল বেতন ১০৫,০০০/-	০১	অনূর্ধ্ব ৫০ বছর	- বিআরটি বাস, ডিপো, করিডোরের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা ব্যবস্থাপনা; - প্রকিউরমেন্ট চুক্তি ব্যবস্থাপনা ও সেবার বা পণ্যের গুণগতমান নিশ্চিত করা; - আইটিএসসহ অন্যান্য প্রযুক্তিগত ব্যবস্থাপনা; - কর্মী ব্যবস্থাপনা; - অবকাঠামো উন্নয়ন ও বিআরটি বাস রক্ষণাবেক্ষণ; - বিআরটি-এর বৈদ্যুতিক এবং যান্ত্রিক সম্পদের রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা; - বিআরটি স্টেশন রক্ষণাবেক্ষণ ও কারিগরি নিরাপত্তা ব্যবস্থাপনা; - বর্জ্য নিষ্কাশন ও ড্রেনেজ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরূপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রি ; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অন্যূন ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	কর্মপরিধি	যোগ্যতা ও অভিজ্ঞতা
৩.	**ব্যবস্থাপক (অর্থ)** মূল বেতন ৭৯,০০০/-	০১	অনূর্ধ্ব ৪০ বছর	- বিআরটি এর বাজেট ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন; - হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা; - আর্থিক প্রতিবেদন প্রণয়ন; - পাওনা আদায় ও পরিশোধ; - ট্যাক্স ও ভ্যাট সংক্রান্ত কার্যক্রম; - অডিট সংক্রান্ত কার্যক্রম সম্পাদন; - রাজস্ব ব্যবস্থাপনা (বাস ভাড়া, পার্কিং ও বিজ্ঞাপন); - ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা; - ইআরপি সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ; - ট্রাস্ট ফান্ডসমূহ জমা ও উত্তোলন সংক্রান্ত কার্যক্রম; - সময় সময় কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের কমার্স/ ফিন্যান্স/ অ্যাকাউন্টিং/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ৮ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা।
৪.	**ব্যবস্থাপক (অপারেশন)** মূল বেতন ৭৯,০০০/-	০১	অনূর্ধ্ব ৪০ বছর	- সরঞ্জাম সরবরাহ, অবকাঠামো উন্নয়ন, যানবাহন পরিচালনা, রাজস্ব ব্যবস্থাপনা, নিরাপত্তা ও যাত্রীসেবা চুক্তি সম্পাদন; - বাস অপারেটর ও বাস অপারেটিং চুক্তির শর্ত পরিপালন; - পরিবহন পরিকল্পনা প্রণয়ন; - বিআরটি বাস অপারেশন নিয়ন্ত্রণ ও যোগাযোগ ব্যবস্থাপনা; - বিআরটি সিস্টেম ও রুট পরিকল্পনা; - আইটিএস কমিউনিকেশন অ্যান্ড কন্ট্রোল সিস্টেম ব্যবস্থাপনা; - বিআরটি বাসের যাত্রীসেবা সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থাপনা; - বিআরটি সার্ভিসের অবকাঠামো ও অপারেশন পরিকল্পনা; - বিআরটির যাত্রীসেবার মান উন্নয়নে বিভিন্ন সমীক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণ; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরূপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রি ; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অন্যূন ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
৫.	**ব্যবস্থাপক (আইটি)** মূল বেতন ৭৯,০০০/-	০১	অনূর্ধ্ব ৪০ বছর	- বিআরটির এর সার্ভার সিস্টেম ও ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ; - ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা; - ডাটা ব্যবস্থাপনা; - ইআরপি সিস্টেম ব্যবস্থাপনা; - কন্ট্রোল সেন্টার, ভিডিও ওয়াল ও ওয়ার্কস্টেশন ব্যবস্থাপনা; - বিআরটি রুট ও সিসিটিভি ক্যামেরা ব্যবস্থাপনা; - অন-বোর্ড এবং ইন-স্টেশন অটোমেটিক ভেহিকেল লোকেশন (এভিএল) সিস্টেম ব্যবস্থাপনা; - ইলেকট্রনিক টিকিট ও ভাড়া সংগ্রহ (ইএফসি) সিস্টেম ব্যবস্থাপনা; - যাত্রী তথ্য সিস্টেম সচল রাখা এবং যোগাযোগ ব্যবস্থাপনা; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক্স/ সড়ক পরিবহন বিষয়ে কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে স্নাতক ডিগ্রি; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ৮ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
৬.	**ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)** মূল বেতন ৭৯,০০০/-	০১	অনূর্ধ্ব ৪০ বছর	- বিআরটি স্টেশন, বিআরটি লেন, সংলগ্ন মিশ্র ট্রাফিক লেন, এনএমভি ও পথচারী সেতু এবং ফ্লাইওভার রক্ষণাবেক্ষণ; - কর্মী ব্যবস্থাপনা; - লিফ্‌ট, জেনারেটর, এলিভেটর ইত্যাদি রক্ষণাবেক্ষণ; - বিআরটি ডিপোর অবকাঠামোগত রক্ষণাবেক্ষণ; - ড্রেইনেজ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরূপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রি ; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অন্যূন ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।
৭.	**ব্যবস্থাপক (ডিপো)** মূল বেতন ৭৯,০০০/-	০১	অনূর্ধ্ব ৪০ বছর	- ডিপো রক্ষণাবেক্ষণ; - বাস / যানবাহন ইত্যাদি রক্ষণাবেক্ষণ; - প্রকিউরমেন্ট, চুক্তি ব্যবস্থাপনা ও সেবার বা পণ্যের গুণগতমান নিশ্চিত করা; - বৈদ্যুতিক এবং যান্ত্রিক উপকরণ ব্যবস্থাপনা; - বৈদ্যুতিক বাসের ব্যাটারি চার্জিং ও রিচার্জিং সিস্টেম	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেল ২.৫ সিজিপিএ বা সমমানের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সড়ক পরিবহন সংক্রান্ত কোন বিষয়ে অনুরূপ সিজিপিএ বা সমমানের স্নাতক ডিগ্রি; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	কর্মপরিধি	যোগ্যতা ও অভিজ্ঞতা
				রক্ষণাবেক্ষণ; - কর্মী ব্যবস্থাপনা; - ইনভেন্টরি কন্ট্রোল ও স্টোর ব্যবস্থাপনা; - সেন্ট্রাল কন্ট্রোল সেন্টার রক্ষণাবেক্ষণ; - ডিপো নিরাপত্তা ও অগ্নি নির্বাপন, পরিচ্ছন্নতা ইত্যাদি; - বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।	গ্রহণযোগ্য নয়। অন্যূন ১২ বৎসর কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অন্যূন ২ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।

অন্যান্য শর্তাবলী:

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd, rhd.portal.gov.bd, www.dhakabrt.com ও http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীগণকে http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আগামী ১৪ আগস্ট ২০২২ সকাল ৯:০০ টা হতে ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। পূরণকৃত আবেদনপত্র অবশ্যই ডাউনলোডের মাধ্যমে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধু আবেদন ফি জমা প্রদান করা যাবে।

৩. টেলিটক প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থীগণকে আবেদন ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) টেলিটকের যে কোনো প্রিপেইড নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে প্রদান করতে হবে।

৪. ঢাকা বিআরটি কোম্পানীর "কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯" অনুযায়ী বেতন-ভাতা, যৌথ বিমা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধা নির্ধারিত হবে। আয়কর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন প্রযোজ্য হবে।

৫. প্রার্থীগণের এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০ থাকতে হবে।

৬. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৭. আবেদনকৃত প্রার্থীগণের মধ্যে হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণ পরীক্ষার জন্য বিবেচিত হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অগ্রগণ্য হবে।

৮. ঢাকা বিআরটিতে নিয়োগপ্রাপ্ত কোনো কার্মচারীর বয়স সাধারণভাবে ৬৫ বছর পূর্তির দিনটি সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণের দিন বলে গণ্য হবে।

৯. পদের পাশে উল্লিখিত প্রার্থীগণের সর্বোচ্চ বয়স মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নির্ধাতি হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

১০. ও লেভেল এবং এ লেভেল এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সনদ, বিদেশি বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সনদ অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

১১. একজন প্রার্থী একাধিক পদের জন্য পৃথকভাবে আবেদন করতে পারবেন।

১২. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৪. পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই আবেদনে উল্লিখিত সকল সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর মূল কপি প্রদর্শন এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান পূর্বক চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রদান করা হবে। এছাড়া টেলিটক এর ওয়েবসাইট http://.dbrt.teletalk.com.bd এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইট www.dtca.portal.gov.bd এবং ঢাকা বিআরটি এর ওয়েবসাইট www.dhakabrt.com এ পাওয়া যাবে।

১৮. কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ সংশোধন/বাতিল/স্থগিত এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজন হলে নিয়োগকারী কর্তৃপক্ষের ব্যাখ্যা প্রাধান্য পাবে।

Rislam

(সফিকুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড

অন-লাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ

ক. আবেদন **http://dbrt.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১৪/০৮/২০২২ খ্রিঃ, সকাল ০৯:০০ টা ।

ii) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ১৩/০৯/২০২২ খ্রিঃ, রাত ১২:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে এর মাধমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী ০১টি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত ০১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Print অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে সফলভাবে দাখিলকৃত আবেদনকারীগণকে আবেদনের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে **আবেদন ফি ও Teletalk এর সার্ভিস চার্জ সর্বমোট ১০০০/- (এক হাজার) টাকা** অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **একই প্রার্থী একাধিক পদের জন্য পৃথক ভাবে আবেদন করতে পারবেন।** Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

প্রথম SMS: DBRT<space>**USER_ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example. **DBRT ABCDEF** and send to 16222

Reply : Applicant's Name, Tk-1000 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee type DBRT<space>Yes<space>PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: DBRT<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example. **DBRT YES 12345678** and send to 16222

Reply : Congratulations Aplicant's Name. Payment: Completed Successfully for DBRT Application for (post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)|

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dbrt.teletalk.com.bd, www.dtca.portal.gov.bd, www.dhakabrt.com এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **PIN** পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DBRT< Space >**Help**< Space >**User**< Space >**User_ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DBRT Help User ABCDEF & Send to 16222

ii) PIN Number জানা থাকলে: **DBRT**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN_No**. লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **DBRT Help PIN 1234567** & Send to 16222

ঝ. অনলাইনে আবেদন ও টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.dtca.portal.gov.bd, www.dhakabrt.com এই ওয়েবসাইটে এবং **QR কোড** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd) এ পাওয়া যাবে।

ট. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd অথবা vas.query@teletalk.com.bd বা ahsantt@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject- এ Organization Name: **DBRT** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ড. **চাকরির আবেদন গ্রহণের শেষ তারিখ অনুযায়ী প্রার্থীর সর্বোচ্চ বয়স নির্ধারিত হবে।**

••• শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ করার পরামর্শ দেয়া হলো।